

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, সেপ্টেম্বর ৩০, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

অর্থ মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ : ১১ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ/২৬ সেপ্টেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

এস. আর. ও. নং ২৭৮-আইন/২০১৮।—বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নং আইন) এর ধারা ১৪৬, ধারা ৭১ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—এই বিধিমালা স্বল্প অংকের বীমাদাবির (পরিমাণ নির্ধারণ) বিধিমালা, ২০১৮ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) “আইন” অর্থ বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩নং আইন) ;

(খ) “কর্তৃপক্ষ” অর্থ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ এর ধারা ৩ এর উপ-ধারা (১) এর অধীন প্রতিষ্ঠিত বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ; এবং

(গ) “স্বল্প অংকের বীমাদাবি” অর্থ বিধি ৩ এ নির্ধারিত বীমাদাবি।

৩। স্বল্প অংকের বীমাদাবির পরিমাণ নির্ধারণ।—লাইফ ইন্সুরেন্স বা নন-লাইফ ইন্সুরেন্স পলিসির ক্ষেত্রে স্বল্প অংকের বীমাদাবি হইবে নিম্নরূপ, যথা :—

(ক) কোনো লাইফ বীমাকারী কর্তৃক ইস্যুকৃত ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার নিম্নের (নিশ্চিতকৃত লাভ বা বোনাস নহে এইরূপ লাভ ও বোনাস ব্যতিরেকে) মৃত্যুদাবি বা মেয়াদপূর্ণ দাবি ; বা

(খ) কোনো নন-লাইফ বীমাকারী কর্তৃক ইস্যুকৃত, বাংলাদেশে লেনদেন হওয়া কোনো বীমা ব্যবসায় সম্পর্কিত, ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার নিম্নের সকল উপ-শ্রেণির দাবি।

( ১১৯৯৭ )

মূল্য : টাকা ৪.০০

৪। স্বল্প অংকের বীমাদাবি সংক্রান্ত বিরোধ নিষ্পত্তি, ইত্যাদি।—বিধি ৩ দ্বারা নির্ধারিত স্বল্প অংকের বীমাদাবি সংক্রান্ত কোনো বিরোধ দেখা দিলে উহা আইনের ধারা ৭১ এর বিধান অনুসারে নিষ্পত্তি করিতে হইবে।

৫। ফি।—(১) আইনের ধারা ৭১ এর উপ-ধারা (৩) এর উদ্দেশ্য পূরণকল্পে দাবিদার কর্তৃক বিরোধীয় দাবির ০.৫০% ফি পরিশোধ করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত ফি কর্তৃপক্ষের তহবিলে জমা করিতে হইবে এবং উক্ত জমা রশিদ বিরোধ নিষ্পত্তি সংক্রান্ত আবেদনের সহিত সংযুক্ত করিতে হইবে।

ব্যাখ্যা।—এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে, “কর্তৃপক্ষের তহবিল” অর্থে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ এর ধারা ১৬ তে উল্লিখিত তহবিলকে বুঝাইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মনিরুল ইসলাম

উপসচিব।